

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৩৬-আইন/২০১৯/৭২-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালায়-

(ক) বিধি ২ এর-

(অ) দফা (ঘ) এ উল্লিখিত “উর্ধ্বে” শব্দটি বিলুপ্ত হইবে;

(আ) দফা (ঙ) তে উল্লিখিত “সর্বোচ্চ” শব্দটি বিলুপ্ত হইবে এবং “আয়তনের” শব্দটির পরে “উর্ধ্বে” শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৭। ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত মূল্য সংযোজন কর প্রত্যয়নপত্র দাখিল।— (১) কোনো মৌসুমী ইটভাটায় ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত পূর্ববর্তী ১২ (বারো) কর মেয়াদের দাখিলপত্রের অনুলিপিসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক প্রদত্ত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করা না হইলে ইট পোড়ানোর অনুমতি প্রদান করা যাইবে না।

(৩) পূর্ববর্তী করমেয়াদে বকেয়াসহ সমুদয় কর পরিশোধের প্রমাণ আবেদন পত্রের সহিত সংযুক্ত না থাকিলে ইউনিয়ন পরিষদ বা, প্রযোজ্য ক্ষেত্রে, পৌরসভা, জেলা প্রশাসক, জেলা পরিষদ, পরিবেশ অধিদপ্তর ইট পোড়ানোর জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন না।

(8) উপ-বিধি (২) ও (৩) এর ব্যত্যয় ঘটিলে অনুমোদনকারী ব্যক্তি অপরিশোধিত কর আদায়ে সহযোগিতা না করিবার দায়ে দায়বদ্ধ হইবেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)  
প্রথম সচিব (মুসক নীতি)